**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 04-11-2025** **Desk in Charge : Kalyan L.**
**Time : 1-30 PM** **Compiling : Jayanta S./ Ranjana C.**
**DEO : KB** **NRT : Ranjana C.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন কেন্দ্রীয় সরকারের ২০৪৭ সালে বিকশিত ভারতের লক্ষ্য পূরণের কাজে তরুণদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

২/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- SIR-এর দ্বিতীয় পর্যায়, দেশের ন'টি রাজ্য ও তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে শুরু হয়েছে। # এই পর্যায়ে ভোটার সংখ্যা প্রায় ৫১ কোটি।

৩/ বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি, আজ 'মেরা বুথ সবসে মজবুত' কর্মসূচীর আওতায় বিহারের মহিলা ভোটারদের সঙ্গে আলাপচারিতায় অংশ নেবেন।

৪/ বিহার বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের প্রচার অভিযান আজ সন্ধ্যায় শেষ হচ্ছে।

৫/ ভারত সফররত ইজরাইলের বিদেশ মন্ত্রী গিডিওন সা'র, আজ নতুন দিল্লিতে বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করবেন।

৬/ কিংবদন্তি চলচ্চিত্র পরিচালক ঋত্বিক ঘটকের জন্ম শতবার্ষিকীর সূচনা হয়েছে।

৭/ বিশ্বজুড়ে আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক প্যারিস জলবায়ু পরিবর্তন চুক্তি দিবস।

*****************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, কেন্দ্রীয় সরকারের ২০৪৭ সালে বিকশিত ভারতের লক্ষ্যপূরণের কাজে তরুণদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

( Byte - prez 2047 )

উত্তরাখণ্ড সফরের তৃতীয় ও শেষ দিনে আজ নৈনিতালে কুমায়ুন বিশ্ববিদ্যালয়ের ২০তম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিয়ে রাষ্ট্রপতি আরও বলেন সরকার তরুণদের জন্য বেশকিছু পদক্ষেপ করেছে। উচ্চশিক্ষা দপ্তর দেশে তরুণদের গবেষণা, উদ্ভাবন এবং শিল্পোদ্যোগে সহায়তা করছে। অনুষ্ঠানে তিনি স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষার্থীদের পদক প্রদান করে বলেন পদকপ্রাপ্ত পড়ুয়াদের মধ্যে মেয়েদের সংখ্যা বেশি।

( Byte -: Prez betiya )

এরআগে রাষ্ট্রপতি কাইঞ্চি ধাম নীম কারোলি বাবার আশ্রমে এবং নৈনিতালের মা নৈনা দেবী মন্দিরে জাতির শান্তি ও সমৃদ্ধি কামনা করে প্রার্থনা করেন। উত্তরাখণ্ডের গভর্নর অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল গুরমিত সিংও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

*******************************

ভারতের নির্বাচন কমিশন আজ থেকে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী- SIR-এর দ্বিতীয় পর্যায়, দেশের ন'টি রাজ্য ও তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে শুরু করেছে। এই প্রক্রিয়ায় এন্যুমারেশন ফর্ম বিতরণের কাজ শুরু হয়েছে। রয়েছেন প্রায় ৫১ কোটি ভোটার। আগামী বছরের ৭'ই ফেব্রুয়ারি, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের মাধ্যমে এসআইআর-এর কাজ সম্পন্ন হবে।

উল্লেখ্য, বিহারে ৭.৪২ কোটি নাম সম্বলিত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছিল। এবারের পর্যায়ে পশ্চিমবঙ্গ সহ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, লাক্ষাদ্বীপ, ছত্তিশগড়, গোয়া, গুজরাট, কেরালা, মধ্যপ্রদেশ, পুদুচেরি, রাজস্থান, তামিলনাড়ু, এবং উত্তরপ্রদেশ অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, পুদুচেরি, কেরালায় ২০২৬ সালে বিধানসভা নির্বাচন হওয়ার কথা।

SIR আজ গণনার পর্যায় দিয়ে শুরু হবে চলবে ৪ ডিসেম্বর পর্যন্ত। খসড়া ভোটার তালিকা ৯ ডিসেম্বর প্রকাশ করা হবে। ৭ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে। স্বাধীনতার পর এটি নবম সংশোধনী। ২০০২ থেকে ২০০৪ সালের মধ্যে শেষবার এসআইআর করা হয়েছিল।

ইসির মতে, SIR-এর লক্ষ্য হল কোনও যোগ্য নাগরিককে তালিকা থেকে বাদ না দেওয়া নিশ্চিত করা এবং অবৈধ-অযোগ্যদের নাম বাদ দেওয়া।

*********************************

নরেন্দ্র মোদি, আজ 'মেরা বুথ সবসে মজবুত' কর্মসূচীর আওতায় বিহারের মহিলাদের সঙ্গে আলাপচারিতায় অংশ নেবেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী এই অনুষ্ঠানে যোগদানের বিষয়ে উচ্ছ্বাস প্রকাশ করে বলেছেন, বিহার বিধানসভা নির্বাচনে বিজেপি-NDA জোটের জয় সুনিশ্চিত করতে মহিলারা নিষ্ঠার সঙ্গে কাজ করে যাচ্ছেন। নির্বাচনী প্রচারে তাঁদের সক্রিয় অংশগ্রহণ বিহারের গণতান্ত্রিক প্রক্রিয়ার যাত্রাকে আরো শক্তিশালী করছে।

*********************************

বিহারে বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের প্রচার অভিযান আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। ১৮টি জেলার ১২১টি বিধানসভায় ৬ই নভেম্বর কড়া নিরাপত্তার মধ্য দিয়ে এই পর্বে ভোট নেওয়া হবে। ন্যাশনাল ডেমোক্রেটি অ্যালায়েন্স (এনডিএ), মহাজোট এবং অন্যান্য দলের তারকা প্রচারক এবং প্রবীণ নেতারা ভোটারদের নজর কাড়তে সার্বিক প্রচেষ্টা চালাচ্ছেন। আজ প্রথম ধাপের বিধানসভা নির্বাচনের প্রচারের শেষ দিনে, বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারকরা তাঁদের প্রার্থীদের জয় নিশ্চিত করার জন্য নির্বাচনী সমাবেশ, জনসভা এবং রোড শো করে তাদের পূর্ণ শক্তি প্রয়োগ করবেন।

বিজেপির জাতীয় সভাপতি জে. পি. নাড্ডা আজ ভোজপুর এবং গয়াতে নির্বাচনী সমাবেশে ভাষণ দেবেন। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বৈশালী, পাটনা, সহরসা এবং মুঙ্গের জেলায় পৃথক জনসভায় ভাষণ দেওয়ার কথা। এদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দারভাঙ্গা, পূর্ব চম্পারণ এবং পশ্চিম চম্পারণ জেলায় এনডিএ প্রার্থীদের সমর্থনে প্রচার চালাবেন। মহাজোটের পক্ষ থেকে, কংগ্রেসের প্রবীণ নেতারা গয়া এবং ঔরঙ্গাবাদে প্রচার চালাবেন। মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী তেজস্বী প্রসাদ যাদব সমস্তিপুর, বেগুসরাই, সহরসা, দারভাঙ্গা, মুজাফফরপুর এবং বৈশালী জেলার বিভিন্ন বিধানসভা কেন্দ্রে ভাষণ দেবেন।

********************************

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মান্ডভিয়া আজ নির্ধারিত কাতারের দোহায় নির্ধারিত দ্বিতীয় বিশ্ব সামাজিক উন্নয়ন সম্মেলন-WSSD-2 -এ ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন। আগামী ৬ তারিখ পর্যন্ত এই সম্মেলনে আন্তর্জাতিক শ্রমিক সংগঠন, ILO তে মন্ত্রী পর্যায়ের এক আলোচনায় ডঃ মান্ডভিয়া ভারতের অন্তর্ভুক্তিমূলক ও ন্যায়সঙ্গত দৃষ্টিভঙ্গির কথা জানাবেন। উচ্চ-স্তরের গোলটেবিল বৈঠকে তিনি সামাজিক উন্নয়নের তিনটি স্তম্ভকে শক্তিশালী করার উপর জোর দেবেন।

মান্ডভিয়া কাতার, রোমানিয়া, মরিশাস এবং ইউরোপীয় ইউনিয়নের মন্ত্রীদের পাশাপাশি ILO-এর মহা নির্দেশক এবং রাষ্ট্রসংঘের ঊর্ধ্বতন আধিকারিকদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে অংশ নেবেন। এছাড়াও তিনি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক এবং IBPC-র যৌথভাবে আয়োজিত ন্যাশনাল কেরিয়ার সার্ভিস, NCS পোর্টালের একটি অনুষ্ঠানেও যোগ দেবেন।

********************************

বাণিজ্য ও শিল্প প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ আজ বুখারেস্টে রোমানিয়ার মন্ত্রী ওনা-সিলভিয়া সোইয়ের সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠক করেন। বাণিজ্য ও শিল্প মন্ত্রক জানিয়েছে  বৈঠকে বাণিজ্য সম্প্রসারণ, লগ্নি আকর্ষণ এবং বৃহত্তর ভারত-ইউরোপীয় ইউনিয়ন অর্থনৈতিক পরিকাঠামোর আওতায় স্থিতিশীল সরবরাহ শৃঙ্খল শক্তিশালী করার ওপর জোর দেওয়া হয়েছে। উভয়পক্ষই চলতি বছরের মধ্যে একটি ন্যায্য, ভারসাম্যপূর্ণ এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট ভারত- ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তি FTA সম্পন্ন করার লক্ষ্যে কাজ করতে সম্মত হয়েছে। উভয় মন্ত্রী ভারত ও রোমানিয়ার মধ্যে স্থিতিশীল বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক পর্যালোচনা করেছেন। মন্ত্রক আরও জানিয়েছে যে ২০২৪-২৫ অর্থবর্ষে রোমানিয়ায় ভারতের রপ্তানি ১০৩ কোটি ডলার ছাড়িয়েছে, যেখানে ২০২৩-২৪ অর্থবর্ষে সামগ্রিক দ্বিপাক্ষিক বাণিজ্য ছিল প্রায় ২৯৮ কোটি ডলার । উভয় পক্ষ পেট্রোলিয়াম পণ্য, ইঞ্জিনিয়ারিং পণ্য, ওষুধ এবং সিরামিকের মতো অগ্রাধিকারমূলক ক্ষেত্রগুলিতে সরবরাহ-শৃঙ্খল সংযোগ আরও গভীর করতে এবং উভয় পক্ষের বাজারে প্রবেশাধিকার বাড়ানোর জন্য মান, পরীক্ষা এবং বিনিয়োগ অংশীদারিত্বে সহযোগিতা সহজতর করতে সম্মত হয়েছে।

**********************************

রিয়াদে ভারতীয় দূতাবাস, প্রবাসী পরিচয়ের তৃতীয় সংস্করণের সমাপ্তি অনুষ্ঠানে গীতা মহোৎসব সংগীতের আয়োজন করে। এই গীতা মহোৎসবে ভগবত গীতার দর্শন এবং তাঁর আধ্যাত্মিক ভাবনার ওপর আলোকপাত করা হয়। ২৮শে অক্টোবর থেকে তেসরা নভেম্বর পর্যন্ত এই সাংস্কৃতিক উৎসবে ভারতের ঐতিহ্য কৃষ্টি, সংস্কৃতি, নৃত্যকলা নিয়ে একাধিক অনুষ্ঠান মঞ্চস্থ হয়।

**********************************

ভারত সফররত ইজরাইলের বিদেশ মন্ত্রী গিডিওন সা'র, আজ নতুন দিল্লিতে বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করবেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে যে

ভারত ও ইসরায়েলের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব রয়েছে এবং উভয় দেশের মধ্যে দ্বিপাক্ষিক রাজনৈতিক সম্পর্ক উষ্ণ এবং ভবিষ্যতমুখী। ২০২২-২৩ সালে, উভয় দেশ যৌথভাবে দ্বিপাক্ষিক সম্পর্ককে পূর্ণ কূটনৈতিক সম্পর্কে উন্নীত করার ৩০ বছর উদযাপন করেছে। মন্ত্রক জানিয়েছে, উভয় দেশের মধ্যে সভ্যতাগত সম্পর্ক দুই হাজার বছরেরও বেশি পুরনো।

**********************************

ভারত তিমুর লেস্তে-কে জলাতঙ্কের প্রাদুর্ভাব মোকাবিলায় সহায়তা করার জন্য ১০হাজার ডোজ জলাতঙ্ক টিকা এবং ২০০০ শিশি জলাতঙ্ক ইমিউনোগ্লোবুলিন পাঠিয়েছে। ভারত গ্লোবাল সাউথের বিশ্বস্ত এবং নির্ভরযোগ্য স্বাস্থ্য অংশীদার হিসেবে তার ভূমিকা পুনর্ব্যক্ত করেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে,  পূর্ব তিমুরে ২০২৪ সালের মার্চ মাসে প্রথম মানুষের শরীরে  জলাতঙ্ক সংক্রমণের ঘটনা জানা যায়।

**********************************

ভারত সফররত ইসরায়েলের বিদেশমন্ত্রী গিডিওন সা'র, আজ নতুন দিল্লিতে বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের সঙ্গে দেখা করবেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে যে ভারত ও ইসরায়েলের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব রয়েছে এবং উভয় দেশের মধ্যে দ্বিপাক্ষিক রাজনৈতিক সম্পর্ক উষ্ণ এবং ভবিষ্যতমুখী। ২০২২-২৩ সালে, উভয় দেশ যৌথভাবে দ্বিপাক্ষিক সম্পর্ককে পূর্ণ কূটনৈতিক সম্পর্কে উন্নীত করার ৩০ বছর উদযাপন করেছে। মন্ত্রক জানিয়েছে উভয় দেশের মধ্যে সভ্যতাগত সম্পর্ক দুই হাজার বছরেরও বেশি পুরনো।

**********************************

প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঋত্বিক কুমার ঘটকের জন্ম শতবার্ষিকীর সূচনা হয়েছে। বর্তমান বাংলাদেশের রাজশাহীতে আজকের দিনেই তিনি জন্মগ্রহণ করেন। পরবর্তীতে

তাঁর শিক্ষা ও কর্মজীবন পুরোটাই কাটে কলকাতায়। সিনেমা জগতে সত্যজিৎ, মৃণাল, ঋত্বিক এই ত্রয়ীর সম্মেলন ভারতীয় চলচ্চিত্রকে দিয়ে গেছে আধুনিক নির্মাণ শৈলী। তিতাস একটি নদীর নাম, অযান্ত্রিক, সুবর্ণরেখা আবার কখনো কোমল গান্ধারকে আশ্রয় করে তিনি বলে গেছেন মেঘে ঢাকা তারাদের কথা।

***********************************

আন্তর্জাতিক প্যারিস জলবায়ু পরিবর্তন চুক্তি দিবস আজ উদযাপিত হচ্ছে। বিশ্বজুড়ে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা করার জন্য এক যুগান্তকারী আন্তর্জাতিক চুক্তি যা বিশ্বজুড়ে গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে ও বিশ্ব উষ্ণতাকে একটি সুনির্দিষ্ট তাপমাত্রার স্তর পর্যন্ত সীমাবদ্ধ রাখার লক্ষ্যে এই চুক্তি সম্পাদন হয়। রাষ্ট্রসঙ্ঘের উদ্যোগে ২০১৫ র ৪ ডিসেম্বর প্যারিসে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত সম্মেলন অনুষ্ঠিত হওয়ার পর প্যারিস জলবায়ু পরিবর্তন চুক্তি স্বাক্ষরিত হয়। ২০১৬ সালের ৪ নভেম্বর থেকে এই চুক্তি কার্যকরী করা হয়।

***********************************

ভারতীয় আবহাওয়া দফতর-IMD আজ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বজ্রবিদ্যুৎ ও ঝোড়ো বাতাসের পূর্বাভাস দিয়েছে। একই রকম আবহাওয়ার পূর্বাভাস অন্ধ্রপ্রদেশ, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর, লাদাখ, তামিলনাড়ু, পুদুচেরি, করাইকাল, তেলেঙ্গানা এবং উত্তরাখণ্ডের বিভিন্ন স্থানেও। একইসঙ্গে আন্দামান সাগর, পূর্ব-মধ্য বঙ্গোপসাগরের কিছু অংশ এবং উত্তর-পূর্ব বঙ্গোপসাগরের সংলগ্ন অঞ্চলে ঝড়ো হাওয়ার পূর্বাভাস দিয়েছে আইএমডি।

************************************************************************